

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নথি নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০০৪.২৫ (অংশ-১)-৪০৪

তারিখ : ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

# বিজ্ঞপ্তি

**বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন মেডিকেল কলেজের অধ্যাপক (৩য় গ্রেড) পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন মেডিকেল কলেজের **অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন)** (৩য় গ্রেড) **[বিজ্ঞপ্তির তারিখ: ০৮.০২.২০২৬, নম্বর: ৪৩]** পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের মধ্যে BPSC Form-D জমাপ্রদানকারী নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয়, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবেঃ

| **মৌখিক পরীক্ষার তারিখ ও সময়** | **পদের নাম ও গ্রেড** | **সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর** |
|---|---|---|
| **১৬.০৯.২০২৬ (বুধবার) সকাল ১০.০০ মিনিট** | অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন) [৩য় গ্রেড] | 110001 110005 110007 = 03 জন। |

২.০ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন মেডিকেল কলেজের অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন) [৩য় গ্রেড], অধ্যাপক (অফথালমোলজি) [৩য় গ্রেড] ও অধ্যাপক (রেডিওলজি এন্ড ইমেজিং) [৩য় গ্রেড] পদের নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের প্রার্থিতা ০৩ নম্বর কলামে বর্ণিত (Substantive) কারণে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক বাতিল করা হয়েছে :

| **পদের নাম ও গ্রেড** | **রেজিস্ট্রেশন নম্বর** | **বাতিলের (Substantive) কারণ** |
|---|---|---|
| **[১]** | **[২]** | **[৩]** |
| অধ্যাপক (রেসপিরেটরি মেডিসিন) [৩য় গ্রেড] | 110002 110003 110004 110006 110008 = 05 জন। | নিয়োগবিধির শর্তানুযায়ী অভিজ্ঞতা না থাকায়। |
| অধ্যাপক (অফথালমোলজি) [৩য় গ্রেড] | 106001 = 01 জন। | BPSC Form-D সহ আনুষঙ্গিক কাগজপত্র জমা না দেওয়ায়। |
| অধ্যাপক (রেডিওলজি এন্ড ইমেজিং) [৩য় গ্রেড] | 109001 = 01 জন। | BPSC Form-D সহ আনুষঙ্গিক কাগজপত্র জমা না দেওয়ায়। |

৩.০ মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোনো আলাদা প্রবেশপত্র ইস্যু করা হবে না। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ছাড়া কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

৪.০ **উল্লেখ্য যে, মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদির ০২ (দুই) সেট সত্যায়িত কপি সংশ্লিষ্ট বোর্ডে মৌখিক পরীক্ষার দিন জমা দিতে হবে।**

৪.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
৪.২ অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্রের কপি;

৪.৩ BPSC Form-D এর কপি;

৪.৪ অর্জিত শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষাবোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিটি ডিগ্রির মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

৪.৫ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "O-Level" এবং "A-Level" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৪.৬ প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি;

৪.৭ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বি.এম.ডি.সি. কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি;

৪.৮ বি.এম.ডি.সি. কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি;

৪.৯ সংশ্লিষ্ট পদের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে) ধারাবাহিক গবেষণা কার্যক্রমের দালিলিক প্রমাণ এবং বি.এম.ডি.সি. কর্তৃক অনুমোদিত মেডিকেল জার্নালে প্রকাশিত (বিজ্ঞাপনে উল্লিখিত সংখ্যক) পাবলিকেশন এর কপি;

৪.১০ সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি;

৪.১১ সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ অনলাইনে দরখাস্ত দাখিলের পূর্ব পর্যন্ত প্রার্থী যে যে পদে নিযুক্ত ছিলেন সে সকল পদের নিয়োগপত্র এবং যোগদানপত্রের কপি, দায়িত্ব গ্রহণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), দায়িত্ব হস্তান্তরপত্র (আর্টিকেল-৪৭ ফরম);

৪.১২ সংশ্লিষ্ট পদের অভিজ্ঞতার বিষয়ে কতদিন, কতমাস, বৎসর উক্ত পদে কাজ করেছেন তার বিস্তারিত বিবরণ টেবিল ফরমে (chronological order) (শুরু হতে শেষ তারিখ পর্যন্ত) উল্লেখপূর্বক প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত কপি/কাগজ;

৪.১৩ প্রার্থীদের মধ্যে যারা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরিত ছাড়পত্রের কপি। সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

৪.১৪ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইত:পূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে NID বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে।

৪.১৫ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে;

(১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

৪.১৬ প্রার্থী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে স্বাক্ষরিত **প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি অথবা সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত "সুবর্ণ নাগরিক কার্ড" এর সত্যায়িত কপি;**

৪.১৭ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;

৪.১৮ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য, **জেলা প্রশাসক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না;**

৪.১৯ চাকরি হতে অপসারিত (removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এসব ক্ষেত্রে প্রার্থীকে BPSC Form-D (Applicant's copy) এর সাথে চাকরি হতে অপসারণের আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এরূপ আদেশের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

৪.২০ কোনো প্রার্থী অনলাইন আবেদনপত্র [BPSC Form-D (Applicant's copy)] জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোনো চাকরিতে যোগদান করলে বা চাকরি হতে ইস্তফাদান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

৫.০ উপরে ০৪ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

৬.০ উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোনো প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।

৭.০ মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন ও কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোনো কর্মকর্তা/কর্মচারির সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।

৮.০ মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের আধা ঘন্টা (৩০ মি:) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে।নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।

৯.০ কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

০১/৯/২০২৫

মাসুমা আফরীন
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
ফোন: ৫৫০০৬৬৪৪
ই-মেইল: e_cc@bpsc.gov.bd